# সিডেশন (ঘুমের ওষুধ) এর ব্যাখ্যা

সিডেশন কী, এটা কিভাবে কাজ করে, এবং আপনার কখন এটা দরকার হতে পারে তা এই লিফলেটটিতে ব্যাখ্যা করা হয়েছে। এছাড়াও সিডেশন ব্যবহার করলে কেমন লাগতে পারে এবং এর সুবিধা ও ঝুঁকিগুলো ব্যাখ্যা করা হয়েছে।

গুরুত্বপূর্ণ ব্যাপার হলো, এটা আপনাকে সিডেশন পরবর্তী যত্নের পরিকল্পনার জন্য কী দরকার হবে জানায়।

এটি অ্যানেস্থেটিস্ট, রোগী এবং তাদের প্রতিনিধিরা মিলিতভাবে রচনা করেছেন।

সিডেশন সাধারণত আপনার শিরার (আইভি বা ইন্ট্রাভিনাস) মাধ্যমে দেয়া হয়, কিন্তু কখনো কখনো মুখ দিয়ে (ওরাল) অথবা একটি ফেস মাস্কের মাধ্যমেও দেয়া হয়।

## ইন্ট্রাভিনাস সিডেশন কী?

আপনাকে শিথিল করতে যখন একটি সিডেটিভ (ঘুমের ওষুধ) আপনার রক্তে ড্রিপ (টিউব) দিয়ে প্রবেশ করানো হয় তখন তাকে ইন্ট্রাভিনাস সিডেশন বলে।

যিনি এই কাজ করেন, সেই পেশাদার স্বাস্থ্যকর্মীকে 'সিডেশনিস্ট' নামে ডাকা হয়।

তারা সঠিক পরিমাণে সিডেটিভ দেওয়া এবং যে কোনও পার্শ্ব-প্রতিক্রিয়া মোকাবেলা করার জন্য প্রশিক্ষিত। অপারেটিং থিয়েটারে সাধারণত একজন অ্যানেস্থেটিস্টই হলেন সিডেশনিস্ট। অন্যান্য সেটিংসে এটি হতে পারেন একজন নার্স, সার্জন বা অন্য কোনো প্রশিক্ষিত প্র্যাকটিশনার। আপনার সিডেশনিস্ট চিকিৎসার পুরোটা সময় আপনার সাথে থাকবেন।

ইন্ট্রাভিনাস সিডেশন এর ভিন্ন তিনটি স্তর আছে। এগুলি হলো 'ন্যূনতম', 'মাঝারি' (কখনও কখনও সজ্ঞান সিডেশনও বলা হয়) এবং 'গভীর' সিডেশন।

- **ন্যূনতম সিডেশন** – সিডেশনিস্ট আপনাকে অল্প পরিমাণে সিডেটিভ দিবেন। আপনি প্রশান্ত বোধ করবেন এবং চারপাশের ঘটনা নিয়ে কম চিন্তিত থাকবেন, তবে আপনি সজাগ থাকবেন এবং স্বাভাবিক ভাবে কথা বলতে পারবেন। আপনি সম্ভবত আপনার চিকিৎসা নেওয়ার কথা মনে রাখবেন, তবে একেবারে বিস্তারিত নয়। ন্যূনতম সিডেশন আপনার শ্বাসপ্রশ্বাসে ব্যাঘাত ঘটাবেনা।
- **মাঝারি সিডেশন (সজ্ঞান সিডেশন)** – সিডেশনিস্ট আপনাকে সামান্য বেশি পরিমাণে সিডেটিভ দিবেন যাতে আপনি খুব প্রশান্ত ও তন্দ্রাচ্ছন্ন বোধ করেন। আপনার সিডেশনিস্ট যেন আপনার সাথে যাতে তখনও কথা বলতে পারেন এবং আপনি সাধারণ নির্দেশনাবলি বুঝতে পারেন – এটা গুরুত্বপূর্ণ। আপনার চিকিৎসার কিছু অংশ আপনার মনে থাকতে পারে। মাঝারি সিডেশন আপনার শ্বাসপ্রশ্বাসে ব্যাঘাত ঘটাবেনা।
- **গভীর সিডেশন** – সিডেশনিস্ট আপনাকে আরও বেশি মাত্রার ডোজ অথবা আরও ওষুধ দিবেন, এটি চিকিৎসার বেশীরভাগ সময়ই আপনাকে ঘুমন্ত অবস্থায় রাখবে। চিকিৎসা চলাকালীন চিকিৎসক আপনার সাথে কথা বলবেন না। আপনার শ্বাসপ্রশ্বাসে ব্যাঘাত ঘটতে পারে। সিডেশনিস্ট আপনাকে পর্যবেক্ষন করবেন এবং প্রয়োজনে আপনাকে সাহায্য করবেন। মাঝে মাঝে চিকিৎসার কিছু অংশ আপনার মনে আসতে পারে। যুক্তরাজ্যে গভীর সিডেশন এমন কর্মীদের দ্বারা তদারকি হতে হবে যাদের একজন অ্যানেস্থেটিস্ট এর সমপর্যায়ের প্রশিক্ষণ ও দক্ষতা আছে।

## ওরাল সিডেশন কী?

এটি খুব উদ্বিগ্ন লোকদেরকে জেনারেল অ্যানেস্থেটিক দেয়ার আগে শিথিল করার জন্য কখনও কখনও কাজে আসে, তবে প্রক্রিয়া চলাকালীন সাধারণত শুধুমাত্র এটি আপনাকে শিথিল করার জন্য যথেষ্ট নয়। এটি কাজ করতে কিছুক্ষণ সময় নেয়। এর সঠিক মাত্রা নির্ণয় করাটা কঠিন হতে পারে যেহেতু মানুষ ভেদে এর পরিমাণ ভিন্ন হয়।

**হাসপাতালে আসার আগে আপনি যদি ইতিমধ্যেই সম্মতি ফর্মটিতে স্বাক্ষর না করে থাকেন, তাহলে দয়া করে আপনার জিপি-কে ওরাল সিডেটিভ প্রেসক্রাইব করার জন্য অনুরোধ করবেন না, কারণ এটি আপনার চিন্তাভাবনা এবং সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে।**

ডাক্তারের সাথে ঝুঁকিগুলো নিয়ে সাক্ষাতের আগে এবং আপনি অপারেশন বা চিকিৎসায় সম্মতি প্রদানের ফর্মটিতে স্বাক্ষর করার আগে আপনার পরিষ্কার ভাবে চিন্তা করতে পারা জরুরী।

## সিডেশন এবং জেনারেল অ্যানেস্থেশিয়ার (সাধারণ অবেদনিক) পার্থক্য কী?

সিডেশন এবং জেনারেল অ্যানেস্থেশিয়ার মধ্যে প্রধান পার্থক্যগুলো হলো:

- আপনার চেতনার স্তর
- আপনার শ্বাসপ্রশ্বাসের সুবিধার্থে প্রয়োজনীয় সরঞ্জাম
- সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া।

নুন্যতম ও মাঝারি সিডেশনে আপনি নিস্তেজ, আরাম, তন্দ্রাচ্ছন্ন এবং প্রশান্ত অনুভব করবেন, তবে পুরো প্রক্রিয়া জুড়ে আপনার জ্ঞান থাকবে।

জেনারেল অ্যানেস্থেশিয়ায়, পুরো প্রক্রিয়াজুড়ে আপনি সম্পূর্ণ সংবেদনহীন ও অচেতন থাকবেন।

গভীর সিডেশন হলো এই দুইয়ের মাঝামাঝি অবস্থা।

## ইন্ট্রাভিনাস সিডেশনের মাধ্যমে কোন কোন চিকিৎসা করা যায়?

ইন্ট্রাভিনাস সিডেশনের মাধ্যমে অনেক ছোটখাটো চিকিৎসা করা যেতে পারে। কয়েকটি উদাহরণ হলো:

- ত্বক বা স্তন বায়োপসি
- ভাঙ্গা হাড় সামান্য মেরামত
- ত্বক, হাত বা পায়ে ছোটখাটো অস্ত্রোপচার
- পাকস্থলী (এন্ডোস্কোপি), ফুসফুস (ব্রোঙ্কোস্কোপি), কোলন (কোলনস্কোপি) বা মূত্রাশয় (সিস্টোস্কোপি) এর সমস্যাগুলি নির্ণয়ে সহায়তা
- দাঁত উত্তোলন অথবা দাঁতের অন্যান্য চিকিৎসা
- চোখের অপারেশন, যেমন ছানি অপসারণ।

## ইন্ট্রাভিনাস সিডেশন এর সুবিধাগুলো কী?

- এটি দ্রুত কাজ করে এবং এর ডোজ সমন্বয় করা যায় যাতে আপনি একদম সঠিক পরিমাণটি পান।
- এটি চিকিৎসার সময় আপনাকে আরও আরামের সুযোগ দেয়। এর অর্থ এটাও হতে পারে যে চিকিৎসার পরে আপনার খুব সামান্যই মনে থাকবে।
- চিকিৎসা জটিলতা থাকা রোগীর জন্য অনুপযুক্ত হলে কিছু প্রক্রিয়ায় জেনারেল অ্যানেস্থেটিক এর প্রয়োজনীয়তা এড়িয়ে যাওয়া হয়।
- জেনারেল অ্যানেস্থেটিকের চেয়ে এটির পার্শ্বপ্রতিক্রিয়া সাধারণত আরও কম।
- জেনারেল অ্যানেস্থেটিকের চেয়ে দ্রুত সেড়ে ওঠা যায়, তাই সুস্থ বোধ করলে চিকিৎসার এক ঘন্টার মধ্যেই আপনি বাড়ি যেতে পারবেন।

## ইন্ট্রাভিনাস সিডেশনের ঝুঁকিগুলো কী?

- আপনার শ্বাসপ্রশ্বাসের গতি ধীর হয়ে যেতে পারে। গভীর সিডেশনে এটি সাধারণ হলেও অন্য সিডেশনের সময় এটি ঝুঁকিপূর্ণ। সিডেশনিস্ট আপনাকে পর্যবেক্ষণে রাখতে দক্ষ এবং দরকার হলে আপনার শ্বাসপ্রশ্বাসে সাহায্য করবেন।
- আপনার রক্তচাপ কমে যাওয়াটা সাধারণ ঘটনা, তবে সিডেশনিস্ট এটা সামাল দিতেও প্রশিক্ষিত।
- অসুস্থ বোধ বা বমি বমি ভাব হতে পারে, তবে এটি সচরাচর ঘটেনা।
- সিডেশনের কোনো অ্যালার্জিক পার্শ্বপ্রতিক্রিয়া খুবই বিরল।
- যে স্থানে আপনার ক্যানুলা লাগানো হয়েছিল বা লাগানোর চেষ্টা করা হয়েছিল, ঐ স্থানে ছোট ক্ষত হতে পারে।
- এরপর আপনি পায়ে দুর্বল অনুভব করতে পারেন এবং পড়ে যাওয়ার ঝুঁকিতে থাকতে পারেন, বিশেষ করে আপনি যদি বয়স্ক হন।
- সিডেশন ২৪ ঘন্টা পর্যন্ত আপনার চিন্তাভাবনা এবং স্মৃতিশক্তি বিঘ্নিত করতে পারে।

## সিডেশনের বিকল্পগুলো কী?

- **জেনারেল অ্যানেস্থেটিক:** আপনি পুরোপুরি অজ্ঞান হয়ে থাকবেন এবং প্রক্রিয়াটির কোনও স্মৃতি থাকবেনা।
- **সিডেশন ছাড়াই লোকাল (স্থানিক) অ্যানেস্থেটিক:** চিকিৎসা চলাকালীন আপনি সজাগ থাকবেন, তবে এটা আরামদায়ক হবে। একটি পর্দা দেয়া থাকবে যাতে আপনি প্রক্রিয়াটি দেখতে না পান।

## আমি সিডেশন নিতে পারবো কিনা সে সিদ্ধান্ত কে নিবে?

অ্যাসেসমেন্ট এর সময় আপনি আপনার ডাক্তার অথবা নার্সের সাথে সিডেশনের বিকল্প আলোচনা করতে পারেন। এটি প্রস্তাব করা না হলে আপনি সবসময়ই এটার সুযোগ পাওয়া সম্ভব কিনা জিজ্ঞেস করতে পারেন।

আপনি যদি বিদ্যমান অসুস্থতা নিয়ে উচ্চ ঝুঁকিতে থাকেন, আপনার ডাক্তার আপনার সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করবেন এবং আপনারা একত্রে একটি সিদ্ধান্তে আসতে পারবেন।

## আমি সিডেশন নিতে যাচ্ছি, হাসপাতালে আসার আগে আমার কী করা উচিৎ?

- আপনার যদি কাউকে দেখাশোনা করা লাগে, যেমন শিশু বা বৃদ্ধ, এর পরের দিন পর্যন্ত তাদের দেখাশোনা করার জন্য আপনাকে অন্য কারো কথা পরিকল্পনা করে রাখা লাগবে।

- একজন সক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তির আপনাকে ট্যাক্সি বা গাড়িতে করে বাসায় নিয়ে যাওয়া লাগবে – গণপরিবহন না হলেই ভাল। সিডেশনের প্রভাব কাটতে যেহেতু ২৪ ঘন্টা পর্যন্ত সময় লাগে, তার উচিৎ সারারাত আপনাকে দেখাশোনা করার জন্য থেকে যাওয়া।
- হাসপাতালে আপনার ইনহেলার সহ সব ওষুধ নিয়ে যান।
- আপনার অসুস্থতা থাকলে, ঠান্ডা লাগলে বা গর্ভবতী হলে, দয়া করে আপনার হাসপাতালকে জানান কারণ এই অবস্থায় সিডেশন নেওয়াটা নিরাপদ নাও হতে পারে। আপনার চিকিৎসা পুনরায় পরিকল্পনা করার দরকার হতে পারে।
- আপনি বুকের দুধ পান করালে প্রক্রিয়াটি শুরুর দিনে আপনার ডাক্তারকে জানান।
- হাসপাতালে আসার আগে নখের পালিশ সহ সকল গহনাগাঁটি ও মেকআপ তুলে ফেলুন। আপনি একটি ওয়েডিং ব্যান্ড পরে থাকতে পারেন।
- আরাম পাওয়ার জন্য এবং নিজেকে উষ্ণ রাখার জন্য কিছু ঢিলেঢালা পোষাক আনুন, যেমন ড্রেসিং গাউন বা ফ্লিস জ্যাকেট। সহজে পরা যায় এরকম ফ্ল্যাট জুতা পরুন।

## চিকিৎসার আগে আমি কি খেতে বা পান করতে পারবো?

কখন খাওয়া ও পান করা বন্ধ করতে হবে তা নিয়ে ক্লিনিক বা হাসপাতাল আপনাকে নির্দেশনা দিবে।

সাধারণত চিকিৎসার ছয় ঘন্টা আগে আপনাকে খাওয়া বন্ধ করতে বলা হবে, তবে আপনি চিকিৎসার দুই ঘন্টা আগে পর্যন্ত তরল পান করতে পারবেন। যেসব পরিষ্কার তরল পান করার অনুমোদন আছে সেগুলো হল: পানি, পাতলা জুস (কোনো টুকরো বা ফলের অংশ ছাড়া), এবং ব্ল্যাক টি বা কফি (দুধ বা ক্রিম ছাড়া)।

আপনার ডায়াবেটিস থাকলে কখন ওষুধ খাওয়া উচিৎ ও খাবার খাওয়া বন্ধ করা উচিৎ সে ব্যাপারে অবশ্যই সুনির্দিষ্ট নির্দেশনা চাইবেন।

## আমার চিকিৎসার আগে কী হবে?

আপনি সাধারণত কাপড়ের পরিবর্তে গাউন পরবেন। আপনি যখন প্রসিডিউর রুমে যাবেন, আপনার সিডেশনিস্ট আপনার শরীরে কিছু পর্যবেক্ষণের যন্ত্রপাতি স্থাপন করবেন। যন্ত্রপাতিগুলো চিকিৎসা ও সিডেশনের ধরণের উপর নির্ভর করবে, তবে এগুলোর মধ্যে সাধারণত থাকে:

- আপনার বাহুতে একটি ব্লাডপ্রেশার কাফ (রক্তচাপ মাপার যন্ত্র)
- আপনার হৃৎপিণ্ডের তরঙ্গ রেকর্ড করার জন্য বুকের উপরের অংশে ইসিজি মনিটরের লিড
- আপনার শরীরে অক্সিজেনের মাত্রা নির্ণয়ের জন্য আপনার আঙ্গুলে একটি ক্লিপ

- আপনার নিঃশ্বাসের সাথে নির্গত কার্বন ডাইঅক্সাইড এর পরিমাণ নির্ণয়ের জন্য একটি প্লাস্টিকের পাতলা টিউব। এটি সাধারণত একটি অক্সিজেন মাস্কের সাথে সংযুক্ত থাকে।

## কীভাবে ইন্ট্রাভিনাস সিডেশন দেওয়া হয়?

- একটি ড্রিপ (ক্যানুলা) আপনার বাহুর অথবা হাতের উলটো দিকের শিরায় ঢুকিয়ে সিডেশনটি দেওয়া হয়। প্রক্রিয়া চলাকালীন আপনার প্রয়োজন অনুযায়ী আরও দেয়া যাবে। গভীর সিডেশনে সাধারণত আপনার শিরা দিয়ে ক্রমাগত একটি ওষুধ প্রয়োগ করা হয়।
- আপনি সাধারণত আপনার নাকের ভেতরে স্থাপন করা একটি প্লাস্টিক টিউবের মাধ্যমে অথবা একটি ফেস মাস্কের মাধ্যমে নিঃশ্বাস নেওয়ার জন্য অক্সিজেন পাবেন।

## সিডেশনে কীরকম অনুভূতি হয়?

ওষুধের মাত্রার উপর নির্ভর করে এটি একেক জনের ক্ষেত্রে একেক রকম হবে। গভীর সিডেশনে আপনি ঘুমিয়ে থাকবেন, তবে হালকা সিডেশনে আপনি সাধারণত প্রশান্তি বোধ করবেন।

আমরা কিছু রোগীদের জিজ্ঞেস করেছিলাম যে তাদের কীরকম লেগেছিল, তাদের কিছু উত্তর ছিল:

'*আমি খুব ঘুম ঘুম লাগছিল এবং মনে হচ্ছিল আমি স্বপ্ন দেখছিলাম*'

'*আমার মনে হচ্ছিল আমি পুরোটা সময় জুড়েই সজাগ ছিলাম কিন্তু আমি নিশ্চয় ধীরে ধীরে ঘুমিয়ে পড়ছিলাম, কারণ চোখে খুলতেই দেখি এক ঘন্টা হয়ে গেছে*'

'*আমি সত্যিই আরাম লাগছিল এবং সুখি অনুভব করছিলাম*'

'*এটা অদ্ভুত ছিল – আমি আমার চারপাশের পরিবেশ থেকে খুব বিচ্ছিন্ন অনুভব করছিলাম।*'

## আমি কখন বাড়ি যেতে পারি?

- আপনাকে হালকা বা মাঝারি সিডেশন দেওয়া হলে আপনি সাধারণত চিকিৎসার এক ঘন্টার মধ্যে বাড়ি যেতে পারবেন।
- গভীর সিডেশন দেওয়া হলে সেরে উঠতে আপনার এক থেকে দুই ঘন্টা সময় লাগতে পারে। আপনি কখন বাড়ি ফিরতে পারবেন তা প্রায়ই প্রক্রিয়াটি থেকে সেরে ওঠার উপর নির্ভর করে।

## পরবর্তী সময়ের জন্য কোনও গুরুত্বপূর্ণ নির্দেশনা রয়েছে?

- যেমনটি আগেই বলা হয়েছিল, একজন সক্ষম প্রাপ্ত বয়স্ক ব্যক্তির আপনাকে গাড়িতে বা ট্যাক্সিতে (গণপরিবহন ব্যবহার না করাই শ্রেয়) করে বাড়ি নিয়ে যাওয়া লাগবে এবং তাকে সারা রাত আপনার

সাথে থাকা লাগবে। যদি চিকিৎসার পরে আপনার সাথে থাকার জন্য কাউকে পাওয়া না যায়, প্রক্রিয়া শেষে আপনি সম্ভবত বাড়ি যেতে পারবেন না।

- সিডেশনের ফলে আপনি সম্ভবত ঠিকভাবে দাঁড়াতে পারবেন না। দয়া করে সিঁড়ি দিয়ে ওঠানামা করার সময় সাবধানে থাকুন এবং হাঁটায় সমস্যা হলে কাউকে সাথে রাখুন।
- চিকিৎসার পর ২৪ ঘন্টা পর্যন্ত আপনার সিদ্ধান্ত গ্রহণ প্রভাবিত হতে পারে, তাই ঐ সময়ে আপনার কোনও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া উচিৎ হবে না। সোশ্যাল মিডিয়া ব্যবহারে সাবধানতা অবলম্বন করুন।
- ২৪ ঘন্টা পর্যন্ত আপনার কাজে ফেরা, আপনার উপর নির্ভরশীল কারও দেখাশোনা করা, রান্না করা অথবা কোনও যন্ত্রপাতি চালানো উচিৎ হবে না। ওষুধগুলো আপনার শরীর থেকে বের হতে ২৪ ঘন্টা সময় লাগতে পারে।
- প্রক্রিয়া শেষ হওয়ার ২৪ ঘন্টা পর্যন্ত আপনার অ্যালকোহল অথবা ঘুমের ওষুধ খাওয়া উচিৎ নয়।
- ঘরে মেনে চলার জন্য আপনার ডাক্তার আপনাকে লিখিত নির্দেশনা দিবেন।
- আপনি বাড়িতে অসুস্থ বোধ করলে যোগাযোগের জন্য হাসপাতাল থেকে আপনাকে একটি ফোন নাম্বার দেয়া হবে।
- প্রক্রিয়া শেষে আপনি উদ্বিগ্ন থাকলে, অসুস্থ বোধ করলে, অথবা নাম্বারটি খুঁজে না পেলে, আপনি আপনার জিপি কে ফোন করতে পারেন, ১১১ এ ডায়াল করতে পারেন, অথবা একজন সক্ষম প্রাপ্তবয়স্কের সাথে আপনার এলাকার জরুরী বিভাগে যেতে পারেন।

## আপনি আপনার অ্যানেস্থেটিস্টকে যেসব প্রশ্ন করতে চাইতে পারেন

1. আমাকে কে সিডেশন দিবে?
2. আপনি কোনটির পরামর্শ দেন: জেনারেল সিডেশন নাকি জেনারেল অ্যানেস্থেটিক?
3. আমার কি বিশেষ কোনও ঝুঁকি আছে?
4. সিডেশনের কতক্ষণ আগে আমি খাওয়া ও পান করা বন্ধ করবো?
5. আমাকে হাসপাতালে নেওয়ার ব্যবস্থা করার জন্য আমি কোন সময়টা ঠিক করবো?

## পার্শ্ব-প্রতিক্রিয়া, জটিলতা এবং ঝুঁকিসমূহ

আধুনিক অ্যানেস্থেটিকে গুরুতর সমস্যা তেমন একটা দেখা যায় না। ঝুঁকি সম্পূর্ণভাবে দূর করা সম্ভব নয়, তবে আধুনিক ওষুধ, যন্ত্রপাতি, এবং প্রশিক্ষণ অ্যানেস্থেশিয়া প্রক্রিয়াকে সাম্প্রতিক বছরগুলোতে অনেকটাই নিরাপদ করেছে।

অ্যানেস্থেটিস্টরা খুব যত্নের সাথে এই বিভাগে বর্ণিত ঝুঁকিগুলো এড়িয়ে যান। ঝুঁকিগুলো এবং এগুলো এড়িয়ে চলতে কী সতর্কতা অবলম্বন করতে হবে সে সম্পর্কে আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে আরও তথ্য দিতে পারবেন।

বিভিন্ন মানুষ শব্দ ও সংখ্যার ভিন্ন ভিন্ন অর্থ ধরতে পারেন। এই স্কেলটা বুঝতে সাহায্যের জন্য দেওয়া হয়েছে।




| | | | | |
|---|---|---|---|---|
| **১০ জনের মধ্যে ১ জন** | **১০০ জনের মধ্যে এ ১ জন** | **১,০০০ জনের মধ্যে ১ জন** | **১০,০০০ জনের মধ্যে ১ জন** | **১,০০,০০০ জনের মধ্যে ১ জন** |
| আপনার পরিবারের মধ্যে একজন | আপনার পাড়ায় বসবাসকারীদের মধ্যে একজন | একটি গ্রামের মধ্যে একজন | একটি ছোট শহরে একজন | একটি বড় শহরে একজন |

কলেজ ওয়েবসাইটের রোগীদের জন্য তথ্যের পেজগুলি থেকে আপনি আরও তথ্য পাবেন: www.rcoa.ac.uk/patientinfo

## অতিরিক্ত সংস্থান

- জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশন নেওয়া ব্যাক্তির যত্ন (www.rcoa.ac.uk/patientinfo/sedation)
- দাঁতের চিকিৎসায় সজাগ বা কনশাস সিডেশনের মানদণ্ড। দ্য রয়্যাল কলেজ অব সার্জনস অব ইংল্যান্ড অ্যান্ড রয়্যাল কলেজ অব অ্যানেস্থেটিস্টস। *RCoA* 2015 (http://bit.ly/2T2mZh6).
- সিডেশন সেবা দানের নির্দেশিকা। *RCoA* 2016 (www.rcoa.ac.uk/gpas).
- স্বাস্থ্যসেবা প্রক্রিয়ায় নিরাপদ সিডেশন অনুশীলন: মানদণ্ড এবং নির্দেশিকা। অ্যাকাডেমি অব মেডিকেল রয়্যাল কলেজেস। *AoMRC* 2013 (http://bit.ly/301ndq8).

আপনি কলেজ ওয়েবসাইটে আরও তথ্যমূলক লিফলেট পাবেন: www.rcoa.ac.uk/patientinfo। এই লিফলেটগুলো আপনার হাসপাতালের অ্যানেস্থেটিক বিভাগ অথবা প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিক থেকেও পাওয়া যেতে পারে।

## আপনার অ্যানেস্থেটিকের সাথে সম্পর্কিত ঝুঁকিসমূহ

অ্যানেস্থেটিক বা অ্যানেস্থেটিক পদ্ধতির নির্দিষ্ট ঝুঁকি সম্পর্কিত লিফলেটগুলি কলেজ ওয়েবসাইটেও পাওয়া যাবে: www.rcoa.ac.uk/patientinfo/risks/risk-leaflets। এগুলো উপরে উল্লিখিত রোগী তথ্যের লিফলেটগুলির পরিপূরক।

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা যেকোনো পরামর্শকে স্বাগত জানাই।

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন:
patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

## www.rcoa.ac.uk

**প্রথম সংস্করণ ২০১৮**

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

**© 2018 Royal College of Anaesthetists**

রোগীদের তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যাবে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করবেন। আপনি যদি এই লিফলেটটি অন্য কোনো প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে এবং লোগো, ব্র্যান্ডিং এবং চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।